**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**23 DECEMBER 2024** **7:35 AM IST**

===============================================================

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভিডি ও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে দেশের ৭১ হাজার চাকুরী প্রার্থীর হাতে নিযুক্তি পত্র বিতরন করবেন । এ উপলক্ষ্যে প্রধানমন্ত্রী শ্রী মোদী নব নিযুক্ত চাকুরী প্রার্থীদের উদ্দেশ্যে বক্তব্যও রাখবেন । আজ দেশের ৪৫টি স্থানে রোজগার মেলার আয়োজন করা হচ্ছে । আজ দেশের স্বরাষ্ট্র মন্ত্রক , ডাক বিভাগ , উচ্চ শিক্ষা বিভাগ সহ স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগে নিযুক্তি পত্র বিতরন করা হবে ।

উল্লেখ্য এই রোজগার মেলা ২০২২ সালে অক্টোবর মাস থেকে শুরু করে এপর্য্যন্ত ১৩টি রোজগার মেলা অনুষ্ঠিত হয়েছে ।

---

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে এক বার্তায় রাজ্যে বাল্য বিবাহের বিরুদ্ধে তৃতীয় পর্যায়ের অভিযান শুরুর কতা জানিয়েছেন ।

তৃতীয় পর্য্যায়ের অভিযানে ৩শো ৩৫টি মামলা নথিভুক্ত থাকা সহ ১শো ১৬ জনকে গ্রেপ্তার করা হয়েছে বলেও মুখ্যমন্ত্রী জানিয়েছেন । এদিকে গ্রেপ্তার হওয়া সব অভিযুক্তকে খুব শীঘ্রই আদালতে হাজির করা হবে ।

বাল্য বিবাহর মত সামাজিক ব্যাধি সমাজ থেকে সম্পূর্ণভাবে দূর করতে সরকার কঠোর ব্যবস্থা গ্রহণ করবে বলেও মুখ্যমন্ত্রী জানিয়েছেন ।

এদিকে হাইলাকান্দি জেলায় বাল্য বিবাহের বিরুদ্ধে অভিযানে ২১ জন ব্যাক্তিকে আটক করা হয়েছে ।

---

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা গতকাল লখিমপুর বিধানসভা কেন্দ্রের সকুলি ভরিয়ায় নতুন রেশন কার্ড বিতরণের দ্বিতীয় পর্য্যায়ের কার্যসুচির সূচনা করেন । এছাড়াও ধেমাজীতে শিক্ষামন্ত্রী ডক্টর রণোজ পেগু , কাছাড়ের কাটিগড়ায় কেন্দ্রীয় বিদেশ প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা , ডিব্রুগড়ে মন্ত্রী প্রশান্ত ফুকন প্রমুখ এই কার্যসূচিতে অংশ গ্রহণ করেন । উল্লেখ্য নতুন রেশন কার্ড বিতরণের দ্বিতীয় পর্যায়ে রাজ্যের ১৬টি জেলার মোট ৫ লক্ষ ১৯ হাজার ৩শো ৬৫ জন হিতাধিকারীকে এই রেশন কার্ড প্রদান করা হবে । নতুন হিতাধিকারীরা প্রধানমন্ত্রী গরীব কল্যাণ আন্ন যোজনার অধীনে আগামী জানুয়ারী মাস থেকেই বিনামূল্যে চাল লাভ করবেন ।

---

কেন্দ্রীয় বিদেশ ও বস্ত্র প্রতিমন্ত্রী পবিত্র মার্গারিটা গতকাল কাটিগড়ায় নতুন রেশন কার্ড বিতরণ করেন । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে কাছাড় জেলার ২১ হাজার ৮৬৯ জন গ্রাহককে রেশন কার্ড প্রদান করে ৯৭ হাজার ১৪৮ জন লোককে এই কর্মসূচীর আওতায় আনা হয় । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে কেন্দ্রীয় মন্ত্রী বলেন যে ২০২৩ সালের জানুয়ারী মাস থেকে সরকার অপুষ্টি ও ক্ষুধার বিরুদ্ধে ক্রমাগত কাজ করে যাচ্ছে । দ্বিতীয় পর্যায়ের রেশন কার্ড বিতরণ অনুষ্ঠানে কাছাড় জেলার অতিরিক্ত

আয়ুক্ত ডঃধ্রুবজ্যোতি হাজারিকা বলেন জাতীয় খাদ্য সুরক্ষা আইনের মাধ্যমে পুষ্টিকর খাদ্য পাবার অধিকার বাস্তবায়িত হয়েছে এবং নতুন রেশন কার্ড বিতরণ এই লক্ষ্যকে আরো এগিয়ে নিয়ে যাচ্ছে ৷ উল্লেখ্য কাছাড় জেলার সাতটি বিধানসভা কেন্দ্রে একযোগে রেশনকার্ড বিতরণ কর্মসূচীর আয়োজন করা হয় । লক্ষীপুরে অনুরুপ কার্যসূচীতে বরাক উপত্যকা উন্নয়ন মন্ত্রী কৌশিক রায় , উধারবন্দে বিধায়ক মিহিরকান্তি সোম , শিলচরে দীপায়ন চক্রবর্তী ,ধলাইতে নীহার রঞ্জন দাস , বড়খলাতে প্রাক্তন জেলা পরিষদ সভাপতি অমিতাভ রায় , এ পি ডি সি এল পরিচালক নিত্য

ভূষন দে এবং সোনাই পৌরসভার চেয়ারপার্সন শীলু রাণী দাস সুবিধাপ্রাপকদের মধ্যে নতুন রেশন কার্ড বিতরণ করেন ।

---

কাছাড় জেলার উধারবন্দ এবং হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রেও গতকাল নতুন রেশনকার্ড বিতরণ করা হয়েছে ।

উধারবন্দের ডি এন এইচ এস স্কুলের খেলার মাঠে ১৩ হাজার ৫শো ১৩ জন হিতাধিকারীর মধ্যে নতুন রেশন কার্ড বিতরণ করা হয় । এতে মোট ৩ হাজার ২শো ৪৫টি পরিবার উপকৃত হবেন । বিধায়ক মিহিরকান্তি সোম আনুষ্ঠানিকভাবে হিতাধিকারীদের হাতে এই কার্ড তুলে দিয়েছেন । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক শ্রী সোম বলেন যে প্রত্যেকটি জেলার অধীনে বিধানসভা কেন্দ্রের সংখ্যা অনুযায়ী জেলা আয়ুক্ত আর্থ-সামাজিক অবস্থানের ভিত্তিতে হিতাধিকারীর নাম নির্বাচন করে এই কার্ড বিতরণের ব্যবস্থা করেছেন ।

---

অনুরূপভাবে, হাইলাকান্দি এস এস কলেজের খেলার মাঠেও গতকাল আয়োজিত এক অনুষ্ঠানে হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রের ১ হাজার ৮শো ২৭টি পরিবারের ১১ হাজার ৪শো ১০ জন হিতাধিকারীকে রেশনকার্ড বন্টন করা হয় । সাংসদ কৃপানাথ মালা হিতাধিকারীদের হাতে এই কার্ড তুলে দিয়ে সবাইকে সরকার প্রদত্ত এই সুবিধা গ্রহণের আহ্বান জানান । জেলা উপায়ুক্ত নিসর্গ হিভার গৌতম স্বাগত ভাষণে বলেন যে কার্ডের প্রত্যেক সদস্যের জন্য বছরে আয়ুষ্মান কার্ডের অধীনে ৫ লক্ষ টাকার বিনামূল্যের চিকিৎসা পরিষেবা গ্রহনের সুযোগ রয়েছে । এছাড়াও ছাত্র-ছাত্রীদের জন্য রেশন কার্ড ইনকাম সার্টিফিকেট হিসেবেও বিবেচিত হবে ।

---

আজ সমগ্র দেশে জাতীয় কৃষক দিবস পালন করা হচ্ছে । দেশের বিকাশ ও প্রগতীতে অবদান রাখা প্রগতিশীল কৃষকদের আজ সংবর্ধনা জানানো হবে ।

---

নেহরু যুব কেন্দ্রের হাইলাকান্দি জেলা শাখার উদ্যোগে গতকাল হাইলাকান্দি শহরের হরকিশোর হাইস্কুলে জেলা ভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হয়েছে । উৎসবে ভারতকে ২০৪৭ সালের মধ্যে বিশ্বগুরুতে উপনীত করতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দেওয়া পাঁচটি মন্ত্র নিয়ে আলোচনা করা হয় । এছাড়াও যুব উৎসবে বিজ্ঞান প্রদর্শনী , মোবাইল ফোটগ্রাফী , চিত্রাংকন, বক্তৃতা এবং সাংস্কৃতিক প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়েছে ।

---